

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "৩টি বিভাগে (খুলনা, রংপুর ও ময়মনসিংহ) টেস্টিং ল্যাবরেটরিসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয় নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	মনজুর মোর্শেদ চৌধুরী সিনিয়র সচিব
সভার তারিখ	১৯ জুলাই ২০২৬
সভার সময়	সকাল: ১০.৩০
স্থান	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২.০ আলোচনা ও সিদ্ধান্ত:

প্রকল্প সম্পর্কিত তথ্যাদি	আলোচনা	সিদ্ধান্ত
প্রকল্পের নাম: "৩টি বিভাগে (খুলনা, রংপুর ও ময়মনসিংহ) টেস্টিং ল্যাবরেটরিসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয় নির্মাণ" শীর্ষক প্রকল্প প্রকল্পের মেয়াদ (প্রস্তাবিত): জানুয়ারি ২০২৬ হতে ডিসেম্বর ২০২৮ প্রাক্কলিত ব্যয় : ১৫২১৫.৭৮ (একশত বায়ান্ন কোটি পনের লক্ষ আটাত্তর হাজার) লক্ষ টাকা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি বলেন, বর্তমানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে ৮টি বিভাগীয় কার্যালয়, ৬৪টি জেলা কার্যালয়, ৮টি বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ৮টি রাসায়নিক পরীক্ষাগার এবং ৮টি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র এবং একটি বিশেষ জোন রয়েছে। বর্তমানে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল এবং সিলেটে বিভাগীয় কার্যালয় ভবন রয়েছে। তবে খুলনা, রংপুর এবং ময়মনসিংহে কোন নিজস্ব কার্যালয় নেই। বর্তমানে ভাড়া অফিসে কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল এবং সিলেটে রাসায়নিক পরীক্ষাগার রয়েছে। তবে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে প্রতিটি বিভাগে রাসায়নিক পরীক্ষাগারের সংস্থান থাকলেও খুলনা, রংপুর এবং ময়মনসিংহে নিজস্ব ভবন না থাকায় রাসায়নিক পরীক্ষাগার স্থাপন করা সম্ভব হচ্ছে না। সামগ্রিক বিবেচনায় খুলনা ৯১.৪৬ শতাংশ, রংপুর ৬৩.০০ শতাংশ এবং ময়মনসিংহে ৪৬.০০ শতাংশ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব জায়গায় অফিস ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে যেখানে একই ভবনে বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় এবং বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার এবং ডোপটেস্টিং ল্যাব স্থাপিত হবে। বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর জন্য প্রস্তাবিত জমিটি ১ নং খতিয়ানভুক্ত। জমিটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলে রয়েছে এবং অধিদপ্তরের নামে বন্দোবস্ত প্রদানের সিদ্ধান্ত হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ হতে প্রাপ্ত চাহিদাপত্র মোতাবেক ২০,১৪,৪৮,২৬০/- টাকা জমা প্রদান সাপেক্ষে এ অধিদপ্তরের নামে বন্দোবস্ত প্রদান করা হবে। উক্ত অর্থের সংস্থান বর্ণিত প্রকল্পে রাখা হয়েছে। সভায় প্রস্তাবিত প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, বিভিন্ন অঙ্গের অঙ্গভিত্তিক প্রাক্কলিত ব্যয় ও প্রাক্কলনের ভিত্তি, প্রকল্প ব্যবস্থাপনা, জনবল কাঠামো, প্রকল্পের আওতায় ক্রয় পরিকল্পনা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটি মূলতঃ নির্মাণধর্মী যেখানে ০৩ টি বিভাগীয় শহরে ১০ তলা ভিতে ০৭ তলা বিশিষ্ট বিভাগীয় কার্যালয় নির্মাণের প্রস্তাব করা হয়েছে। একনেক সভার নির্দেশনায় যততলা ভিত তত তলা নির্মাণের নির্দেশনা রয়েছে। বর্তমান এবং প্রক্ষেপিত চাহিদার আলোকে ভবন নির্মাণ প্রস্তাব যৌক্তিকীকরণ করা প্রয়োজন মর্মে সভায়	ক। বর্তমান এবং প্রক্ষেপিত চাহিদার আলোকে ভবন নির্মাণ প্রস্তাব যৌক্তিকীকরণ করতে হবে; খ। প্রস্তাবিত বিভাগীয় কার্যালয় ভবনের প্রাক্কলিত ব্যয় পর্যালোচনাপূর্বক যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে; গ। 'সি' গ্রেডের লিফট বাদ দিয়ে 'এ' গ্রেডের লিফট সংযোজন করতে হবে; ঘ। রাজস্ব খাতভুক্ত দরপত্র প্রস্তুত, কাঠামোগত এবং স্থাপত্য নকশা প্রস্তুত, মাঠপর্যায়ে দরপত্র প্রস্তুত ইত্যাদি অঙ্গের প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে পুনঃনির্ধারণ করতে হবে; ঙ। আউটসোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগসহ অন্যান্য জনবলের বিষয়ে অর্থবিভাগের মতামত গ্রহণ করতে হবে; চ। প্রকল্প চলাকালীন সময়ের জনবলের বেতন-ভাতা পে-স্কেল অনুযায়ী নির্ধারণ করতে হবে; এক্ষেত্রে আগামী পে-স্কেল এ সম্ভাব্য বেতন বৃদ্ধির বিষয় বিবেচনায় নিতে হবে; ছ। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য আরও সুনির্দিষ্ট করা, আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ হালনাগাদ করে ডিপিপি'র সংশ্লিষ্ট অংশে অন্তর্ভুক্ত, সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনে সুপারিশসহ মূল অংশ ডিপিপিতে অন্তর্ভুক্ত করে ডিপিপি'র কলেবর ছোট করতে হবে;

	অভিমনত ব্যক্ত করা হয়। প্রস্তাবিত বিভাগীয় কার্যালয় ভবনের প্রাক্কলিত ব্যয় পর্যালোচনায় দেখা যায় শুধু ভবন নির্মাণে প্রতি বর্গফুটে ৫৩১৬/- টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে; যা অত্যাধিক মর্মে সভায় অভিমনত ব্যক্ত করা হয়। একইভাবে ০১ তলা ভিতে ০১ তলা পাম্প হাউজ-কাম ইলেক্ট্রিক্যাল সাব-স্টেশন নির্মাণ নির্মাণে প্রতি বর্গফুটে ৫০২৩/- টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে; যা পুনঃপর্যালোচনা করে যৌক্তিকীকরণ আবশ্যিক মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), ডিপিপিতে উল্লিখিত ‘সি’ গ্রেডের লিফট বাদ দিয়ে ‘এ’ গ্রেডের লিফটের বিষয়ে মতামত প্রদান করেন। তাছাড়া রাজস্ব খাতভুক্ত দরপত্র প্রস্তুত, কাঠামোগত এবং স্থাপত্য নকশা প্রস্তুত, মাঠপর্যায়ে দরপত্র প্রস্তুত ইত্যাদি অঙ্গের প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে পুনঃনির্ধারণ করতে হবে মর্মে সভায় অভিমনত ব্যক্ত করা হয়। আউটসোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগসহ অন্যান্য জনবলের বিষয়ে অর্থবিভাগের মতামত গ্রহণের বিষয়েও সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) নির্বাচিত জমিগুলো কাজ করার জন্য বর্তমানে উপযুক্ত আছে কিনা জানতে চাইলে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি বলেন, রংপুর ও ময়মনসিংহের জমি প্রস্তুত আছে কিন্তু খুলনার জমিতে নিচু হওয়ায় মাটি ভরাট করা লাগবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন, প্রকল্পের জনবলের বেতন ভাতা সম্ভাব্য পে-স্কেল অনুযায়ী ডিপিপিতে সংস্থান রাখতে হবে। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য আরও সুনির্দিষ্ট করা, আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ হালনাগাদ করে ডিপিপি’র সংশ্লিষ্ট অংশে অন্তর্ভুক্ত, সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনে সুপারিশসহ মূল অংশ ডিপিপিতে অন্তর্ভুক্ত করে ডিপিপি’র কলেবর ছোট করা এবং সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা-২০২২ অনুসরণে প্রকল্পের পিআইসি ও পিএসসি গঠন, প্রকল্পের প্রস্তাবিত মেয়াদ হালনাগাদ করা এবং এ নির্দেশনায় প্রদত্ত ফরম্যাটে ডিপিপি প্রণয়ন করতে হবে মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। PPS সফটওয়্যারের মাধ্যমে ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে মর্মেও সভায় নির্দেশনা প্রদান করা হয়।	জ) সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা-২০২২ অনুসরণে প্রকল্পের পিআইসি ও পিএসসি গঠন করতে হবে; ঝ) প্রকল্পের প্রস্তাবিত মেয়াদ হালনাগাদ এবং নির্দেশনায় প্রদত্ত ফরম্যাটে ডিপিপি প্রণয়ন করতে হবে; ঞ) PPS সফটওয়্যারের মাধ্যমে ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে। ট) উপরোক্ত ক-ঝ পর্যন্ত সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
--	---	---

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্তিঃ

(১) CamScanner 07-23-2026 10.58



৩০-০৭-২০২৬

মনজুর মোর্শেদ চৌধুরী

সিনিয়র সচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০

ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪ ৭২৯০

ইমেইল : secretary@moha.gov.bd


নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৬৫.১৫.০০১৫.২৬.১২০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- ৪। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর।
- ৭। তত্ত্বাবধায়ক স্থপতি, তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-সমন্বয়, স্থাপত্য অধিদপ্তর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।





৩০-০৭-২০২৬
মোঃ সাইফুল ইসলাম
সহকারী সচিব